গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাজেট অনুবিভাগ-১, শাখা-৮
www.mof.gov.bd

**নতুন উন্নয়ন প্রকল্পের পদ/জনবল নির্ধারণ সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী**

মন্ত্রিপরিষদ বিভাগের ২২/০১/২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/সক-০১/২০০৩/২৮ নং প্রজ্ঞাপন অনুযায়ী প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার বিভিন্ন উন্নয়ন প্রকল্পের টিএপিপি/ডিপিপি প্রণয়নকালে পদ/জনবল নির্ধারণ বিষয়ক কমিটির এক সভা গত ২৪/০৭/২০১৭ ইং তারিখে অর্থ বিভাগের অতিরিক্ত সচিব (বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ) জনাব জালাল আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির নিম্নোক্ত সদস্য/কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

| ক্রমিক | নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা |
|---|---|---|
| ১. | জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী, অতি: সচিব (বা-১) | অর্থ বিভাগ |
| ২. | জনাব মোঃ আজিজুল আলম, অতি:সচিব (বা-৩) | অর্থ বিভাগ |
| ৩. | বেগম মুনিমা হাফিজ, উপ সচিব (সওব্য-৮) | জনপ্রশাসন মন্ত্রণালয় |
| ৪. | বেগম বিলকিস জাহান রিমি, উপ সচিব (ব্য:নি:-৫) | অর্থ বিভাগ |
| ৫. | জনাব মোঃ ইউনুছ মিয়া, উপ প্রধান | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| ৬. | জনাব রেদোয়ান আহমেদ, সিনিয়র সহকারী সচিব (বা-৮) | অর্থ বিভাগ |

২। এক নজরে প্রস্তাবিত প্রকল্পঃ

| | | |
|---|---|---|
| ১। | প্রকল্পের নামঃ | "মুক্তিযুদ্ধের ঐতিহাসিক স্থানসমূহ সংরক্ষণ ও মুক্তিযুদ্ধ জাদুঘর নির্মাণ" |
| ২। | মন্ত্রণালয়/বিভাগ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| ৩। | বাস্তবায়নকারী সংস্থাঃ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর |
| ৪। | প্রকল্প ব্যয়ঃ | (ক) মোট ব্যয়ঃ ১৭৮৯৮.৪৪ লক্ষ টাকা (জিওবি) |
| ৫। | প্রকল্পের মেয়াদঃ | জুলাই/২০১৭ থেকে জুন/২০২০ পর্যন্ত |

৩। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই তিনি নতুন প্রকল্পের জনবল নির্ধারণ সংক্রান্ত এ কমিটি গঠনের পটভূমি এবং কর্মপরিধি সম্পর্কে সকল সদস্যকে অবহিত করেন। অত:পর তিনি **"মুক্তিযুদ্ধের ঐতিহাসিক স্থানসমূহ সংরক্ষণ ও মুক্তিযুদ্ধ জাদুঘর নির্মাণ"** শীর্ষক প্রকল্প সংশোধন করে প্রস্তাবিত লোকবলের যৌক্তিকতা উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

৪। সিনিয়র সহকারী সচিব, বাজেট অধিশাখা-৮, অর্থ বিভাগ প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য, প্রকল্পের ব্যয়, মেয়াদসহ প্রয়োজনীয় তথ্যাদি উপস্থাপন করেন। এবার তিনি সংশ্লিষ্ট প্রকল্পের জন্য প্রস্তাবিত পদের নাম, গ্রেড, পদ সংখ্যা উল্লেখ করে উক্ত পদের জন্য কত জনবল প্রয়োজন এবং নিয়োগের ধরণ কি হবে তার যৌক্তিকতা তুলে ধরেন। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উপস্থিত প্রতিনিধি বিবেচ্য প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য ও প্রস্তাবিত জনবলের যৌক্তিকতা উপস্থাপন করেন।ইতিঃপূর্বে উক্ত প্রকল্পের জন্য ০৯টি পদের সুপারিশ করা হয়। অত:পর প্রকল্পটি আঞ্চলিক পর্যায়ে বাস্তবায়নের সুবিধার্থে সংশোধিত প্রস্তাবে অন্যান্য পদ অপরিবর্তিত রেখে ডিপিপি'তে উপ সহকারী প্রকৌশলীর অতিরিক্ত ০২টি পদের সংস্থান রাখার জন্য উপস্থিত সকলে একমত পোষণ করেন ।।

৫। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর **"মুক্তিযুদ্ধের ঐতিহাসিক স্থানসমূহ সংরক্ষণ ও মুক্তিযুদ্ধ জাদুঘর নির্মাণ"** শীর্ষক প্রকল্পের জন্য নিম্নবর্ণিত পদ ও শর্ত সাপেক্ষে ডিপিপিতে অন্তর্ভুক্তির সুপারিশ করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন গ্রেড | নিয়োগ পদ্ধতি |
|---|---|---|---|---|
| ১. | প্রকল্প পরিচালক | ১ | ৪/৫ | প্রেষণে নিয়োগ |
| ২. | সহকারী প্রকৌশলী | ১ | ৯ | প্রেষণে নিয়োগ |
| ৩. | উপ সহকারী প্রকৌশলী | ৪ | ১০ | প্রেষণে/আউটসোর্সিং |
| ৪. | হিসাব রক্ষক | ১ | ১৩ | প্রেষণে নিয়োগ |
| ৫. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১ | ১৬ | প্রেষণে/আউটসোর্সিং |
| ৬. | গাড়ীচালক | ১ | ১৬ | আউটসোর্সিং |
| ৭. | অফিস সহায়ক | ২ | ২০ | আউটসোর্সিং |
| | মোট= | ১১ (এগার)টি | | |

মোঃ রেজা রশীদ
সহকারী প্রধান
পরিকল্পনা কমিশন
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মমিন মজিবুল হক সমাজী
প্রকল্প পরিচালক
...আইডিপিং ভোলা জেলা
এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।